



গ্রন্থাগারিকের কার্যালয়
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩।

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের (১৩ ব্যাচ) ছাত্র/ছাত্রীদেরকে জানানো যাচ্ছে যে, লাইব্রেরী কমিটির ১১তম সভার সিদ্ধান্ত মোতাবেক ৪ (চার) বছরের জন্য প্রত্যেক ছাত্র/ছাত্রীকে একটি Machine Readable Library Card প্রদান করা হবে। আগামী ২৭/০৪/২০১৪ ইং তারিখ রোজ রবিবার সকাল ৯.৩০ মিনিট থেকে ১ম বর্ষের (১৩ ব্যাচ) ছাত্র/ছাত্রীদেরকে লাইব্রেরী কার্ডের জন্য সেন্ট্রাল লাইব্রেরীর Circulation Section (দ্বিতীয় তলা) থেকে ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে একটি ফরম দেওয়া হবে। উক্ত ফরমটি সঠিক ভাবে পূরণ করে আগামী ০৫/০৫/২০১৪ ইং তারিখ রোজ সোমবার বিকাল ৪.৩০ মিনিটের মধ্যে সেন্ট্রাল লাইব্রেরীতে জমা দিতে হবে।

কার্ড করার শর্তসমূহ :

- ১। ফরম জমা দেওয়ার ০১ (এক) দিন পর Machine Readable Library Card বিতরণ করা হবে।
- ২। আগামী ২৭/০৪/২০১৪ ইং তারিখ রোজ রবিবার হতে ০৫/০৫/২০১৪ ইং তারিখ রোজ সোমবারের মধ্যে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের (১৩ ব্যাচ) ছাত্র/ছাত্রীদের লাইব্রেরী কার্ড করতে হবে।

বই ইস্যুর শর্ত সমূহ :

- ১। ০৭/০৫/২০১৪ ইং তারিখ রোজ বুধবার সকাল ৯.৩০ মিনিট হতে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের (১৩ ব্যাচ) ছাত্র/ছাত্রীদের বই ইস্যু করা হবে। প্রত্যেক ছাত্র/ছাত্রী ০৩ (তিন) টি করে বই ইস্যু করতে পারবে।
- ২। কার্ডসহ নিজে উপস্থিত না হলে বই ইস্যু করা হবে না।
- ৩। বই ইস্যুর পূর্বে কোন বই ক্রটিপূর্ণ থাকলে উহা কর্মরত ইস্যু সহকারীর দৃষ্টিতে আনতে হবে অন্যথায় ক্রটিপূর্ণ বই ফেরৎ দেওয়ার সময় কার্ডধারীকে দায়ী করা হবে।
- ৪। নির্ধারিত তারিখের মধ্যে ছাত্র/ছাত্রী নিজ দায়িত্বে Online-এর মাধ্যমে এক মাস পর পর ০৫ (পাঁচবার) বই রিনিউ/নবায়ন করতে পারবে। অন্যথায় প্রতি কর্ম দিবসে প্রতিটি বইয়ের জন্য ২ (দুই) টাকা হারে জরিমানা দিতে হবে।
- ৫। লাইব্রেরী কার্ড হস্তান্তর যোগ্য নহে। যদি কোন ছাত্র/ছাত্রী অন্যের কার্ডে বই ইস্যু করে, তবে লাইব্রেরীর নিয়মানুযায়ী অপরাধী সাব্যস্ত হবে।

বিঃ দ্রঃ ০৭/০৫/২০১৪ ইং তারিখ বুধবার ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের (১৩ ব্যাচ) ছাত্র/ছাত্রী ছাড়া অন্য কোন বর্ষের ছাত্র/ছাত্রীদেরকে বই ইস্যু/Check out করা হবে না। এখানে উল্লেখ্য যে, ইস্যু সেকশনের কাজের সুবিধার্থে আগামী ০৫/০৫/২০১৪ ইং তারিখের পরে ১ম বর্ষের (১৩ ব্যাচ) ছাত্র/ছাত্রীদেরকে Machine Readable Library Card এর জন্য ফরম দেওয়া হবে না।

মোঃ আক্বাছ উদ্দিন পাঠান

লাইব্রেরীয়ান

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।

স্মারক নং-খুপ্রবি/লাই/১৫০৬(৪৫)

তারিখঃ ২৩-০৪-২০১৪ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ

- ১। ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। পরিচালক, আইআইসিটি, (KUET এর Website এ প্রচারের অনুরোধসহ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত), আইডিএম, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল বিভাগীয় প্রধান (বিভাগের ছাত্র/ছাত্রীদের মাঝে প্রচারের অনুরোধসহ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল হল প্রভোস্ট (হলের ছাত্র/ছাত্রীদের মাঝে প্রচারের অনুরোধসহ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। পরিচালক (ছাত্র কল্যাণ) { ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের পরিচিতি সভায় (Orientation) প্রচারের অনুরোধসহ }, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। চেয়ারম্যান, লাইব্রেরী কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়কে অবহিত করণের অনুরোধসহ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ১২। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৩। সংরক্ষণ নথি।

মোঃ মাহবুবুর রহমান

সহকারী লাইব্রেরীয়ান

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।